# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৫২

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১২ই নভেম্বর ২০১৮ তারিখ সকাল ১১ঃ০০ টা হতে বেলা ২ঃ০০ টা পর্যন্ত দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের আওতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের জন্য একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে। কর্মশালাটি আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করে ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম। সকাল ১১ঃ০০ টায় কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন এর উদ্বোধনী বক্তব্য প্রদানের মাধ্যমে কর্মশালার শুরু হয়। উদ্বোধনী বক্তব্যে কমিশনের চেয়ারম্যান দেশের পুঁজিবাজারে শৃংখলা ও স্থিতিশীলতা বজার রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল পক্ষের দায় দায়িত্ব সূচারুরূপে ও যথাযথ ভাবে পালনের উপর বিশেষ ভাবে গুরুত্বারোপ করেন। তিনি তার বক্তব্যে অন্যান্যের মধ্যে আরো উল্লেখ করেন যে, রিপোর্টারদের পুঁজিবাজার সংক্রান্ত দায়িত্বশীল ও বস্তুনিষ্ঠ রিপোর্টিং এর উপর ভিত্তি করে রিপোর্টারদের বার্ষিক পুরস্কার প্রদান এর ব্যবস্থা করা হবে। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের পরিচালক জনাব রেজাউল করিম। প্রশ্নোত্তর পর্বে কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ, জনাব মাহবুবুল আলম, পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম এবং ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরামের প্রতিষ্ঠাতা সভাপতি জনাব জিয়াউর রহমান বিভিন্ন প্রশ্নের জবাব দেন। কর্মশালায় সমাপণী বক্তব্য প্রদান করেন ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরাম এর সভাপতি জনাব হাসান ঈমাম রুবেল। জনাব রুবেল তার বক্তব্যে ক্যাপিটাল মার্কেট জার্নালিস্ট ফোরামের ডাকে সাড়া দিয়ে এ অনুষ্ঠানের আয়োজন করার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে ধন্যবাদ জানান। তিনি তার বক্তব্যে একটি শক্তিশালী পুঁজিবাজারের প্রয়োজনিয়তার উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি বলেন যে, দেশের পুঁজিবাজার আন্তর্জাতিক পর্যায়ে এগিয়ে যাচ্ছে তাই সাংবাদিকদেরকেও এর সাথে তাল মিলিয়ে এগিয়ে যেতে হবে। আর সেজন্যে এধরনের প্রশিক্ষনের বিকল্প নাই। তিনি তাদের দক্ষতা বৃদ্ধির জন্য পর্যাপ্ত প্রশিক্ষন এর ব্যবস্থা গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন। সাংবাদিকতার জন্য অবাদ তথ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিতকরণের বিষয়ে তিনি অভিমত ব্যক্ত করেন। সমাপনি বক্তব্যের পর প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ করেন কমিশনের কমিশনার জনাব স্বপন কুমার বালা। উক্ত কর্মশালায় কমিশনের সকল কমিশনার, নির্বাহী পরিচালক ও পরিচালকগণ উপস্থিত ছিলেন।

১২.১১.২০১৮

মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক